



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ ৫৬/৬ /চাঁদপুর-১৯১

তারিখ: ০৭ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ
২৫ অক্টোবর, ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

- সূত্র: (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৮৫.২১.১৮১.১৮.৭৫; তারিখ: ২০/০২/২০২০ খ্রি.
(২) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/১০৮৭৪/চাঁদপুর-১৯১; তারিখ: ০১.০৩.২০২০ খ্রি.
(৩) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/রিক/৬৯৬/চাঁদপুর-১৯১; তারিখ: ১৬.০৯.২০২০ খ্রি.
(৪) মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৫৭৭১/২০১৪ এর রায়ের কপি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সর্বিনয়ে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার সদর উপজেলাধীন লক্ষীপুর মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসাটি 'মোহাম্মদীয়া ট্রাস্ট' কর্তৃক পরিচালনার পরিবর্তে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর ৫০ অনুচ্ছেদ অনুযায়ী পরিচালনার বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্রোক্ত ০১ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে।

উক্ত পত্রের প্রেক্ষিতে সূত্রোক্ত ০২ নং স্মারকে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য অত্র বোর্ডের উপ-পরিদর্শক জনাব মো: হোসেনকে দায়িত্ব প্রদান করা হয়। সে অনুযায়ী তদন্তকারী কর্মকর্তা সরেজমিনে তদন্ত করে সূত্রোক্ত ০৩ নং স্মারকে একখানা প্রতিবেদন দাখিল করেছেন। তদন্তকারী কর্মকর্তার মতামত অনুযায়ী "মাদ্রাসাটি স্বীকৃতি পাওয়ার পর হতে ম্যানেজিং কমিটি দ্বারা পরিচালিত এবং মাদ্রাসার শিক্ষক-কর্মচারীগণ সরকারের এমপিও গ্রহণ করে আসছে। মাদ্রাসার অবকাঠামো সরকারি অনুদানে গড়ে উঠেছে। মাদ্রাসার জমি মাও: মো: হাবিবুল্লাহর মাতা ও ভাই মাও: মো: নুরুল্লাহ দান করেছেন। এখানে লক্ষীপুর মোহাম্মদীয়া সোসাইটির চেয়ারম্যান, মাদ্রাসাকে কোন প্রকার অনুদান দিয়েছেন, এমন কোন প্রমাণাদি দেখাতে পারেন নি। কিন্তু মহামান্য হাইকোর্ট বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর প্রবিধানমালা, ২০০৯ এর ৪৯ খারা কঠোরভাবে অনুসরণের নির্দেশনা দিয়েছেন"।

রিট পিটিশন নং-৫৭৭১/২০১৪ এর নির্দেশনা এবং তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনটি মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।


সংযুক্তি: বর্ণনা মোতাবেক..... ৬০ পৃষ্ঠা

সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ:
সৈয়দ আসগর আলী, সহকারী সচিব,
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. অফিস কপি।


প্রফেসর কায়সার আহমেদ
চেয়ারম্যান

ফোন: ৫৮৬১০২১৬

ই-মেইল: chairman@bmeb.gov.bd


২৫/১০/২০২০